গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল

এবং

মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

# সূচিপত্র


কর্মসম্পাদনের সার্বিকচিত্র....................................................................................................... ৩

উপক্রমণিকা ........................................................................................................................ ৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ...................... ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব ( Outcome/Impact) ..................................... . ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ...........................৭

সংযোজনী-১ : শব্দসংক্ষেপ (Acronyms) ......................................................................... ১১

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি ............................................ ১২

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা ....... ১৩

# বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কর্মসম্পাদনের সার্বিকচিত্র

(Overview of the Performance of the Bangladesh Karmochary Kallyan Board)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

কর্মরত, অবসরপ্রাপ্ত, অক্ষম কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবার এবং মৃত কর্মকর্তা কর্মচারীর পরিবারের কল্যাণার্থে বিগত তিন অর্থবছরে (২০১৩-১৪ হতে ২০১৫-১৬) বরিশাল বিভাগীয় কার্যালয় হতে মোট ২৪ কোটি ৯৫ লক্ষ টাকা অর্থ সহায়তা দেয়া হয়েছে। এতে ২৪৮০৪ (চব্বিশ হাজার আটশত চার) জন সরকারি কর্মচারী বা তার পরিবার উপকৃত হয়েছে। বিগত তিন অর্থবছরে ১০২৩ টি আবেদনের বিপরীতে মাসিক কল্যাণভাতা বাবদ ৯ কোটি টাকা, চাকরিরত অবস্থায় মৃত কর্মচারীর পরিবারের ৭১১ টি আবেদনের বিপরীতে যৌথবীমা হিসেবে এককালিন ৭ কোটি ৫ লক্ষ টাকা, সরকারি কর্মচারীদের দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য ৩৭৭ টি আবেদনের বিপরীতে ৫০.০৫ লক্ষ টাকা, সাধারণ চিকিৎসার জন্য ২৩১৫ টি আবেদনের বিপরীতে ৯৯.৮৯ লক্ষ টাকা, ১১ থেকে ২০ গ্রেডের (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) সরকারি কর্মচারীদের ১৯২৭৭ জন ছেলে-মেয়েকে শিক্ষাবৃত্তি হিসেবে ৭ কোটি ২১ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। ৯১ জন সরকারি কর্মচারীকে অফিসে যাতায়াতের জন্য স্টাফবাসের সুবিধা প্রদান করা হয়েছে। এছাড়া ক্লাব/ কমিউনিটি সেন্টার উন্নয়ন ও বার্ষিক ক্রীড়া খাতে ১৬.৮২ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এ কার্যালয়ের আওতাধীন মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে বিগত তিন অর্থবছরে ২৮২ জন মহিলাকে বিভিন্ন ট্রেড কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণার্থীদের মধ্যে ৫০ জন মহিলা সরকারি-বেসরকারি চাকরির সুযোগ পেয়েছেন।

### সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ

তীব্র জনবল সংকট ও অফিস কার্যালয়ের স্থানাভাব বর্তমানে বরিশাল বিভাগীয় কার্যালয়ের প্রধান সমস্যা। এ কারণে কর্মরত কর্মকর্তা কর্মচারীদের অক্লান্ত পরিশ্রম সত্ত্বেও সঠিক সময় সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না । Employee database প্রস্তুতি, সেবা প্রদান কার্যক্রম সম্পূর্ণ digitization, তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষিত জনবল নিয়োগ ও বৃহৎ পরিসরে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা গেলে সেবার মান কাংক্ষিত পর্যায়ে উন্নীত করা সম্ভব হবে। এছাড়া সকল খাতে অনুদানের পরিমান বৃদ্ধি ও কার্যক্রম আরো সম্প্রসারণ করা গেলে সরকারি কর্মকর্তা, কর্মচারীদের অধিকতর সেবা প্রদান করে সার্বিক কল্যাণ নিশ্চিত করা সম্ভব হতো।

### বিভাগীয় কার্যালয়, বরিশাল এর ভবিষ্যত পরিকল্পনা:

**মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম বৃদ্ধিকরণ:** প্রশিক্ষণ কেন্দ্রটি জনবহুল স্থান তথা সরকারি বিএম কলেজ এর আশে-পাশে স্থানান্তর করা যাতে মহিলা প্রশিক্ষনার্থীর সংখ্যা আরো বৃদ্ধি পায়। মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে গ্রাফিক্স ডিজাইন প্রশিক্ষনের জন্য উন্নত কনফিগারেশনের কম্পিউটার ক্রয়, একটি আধুনিক মানের ডিসপ্লে বোর্ড ও প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ করা হলে প্রশিক্ষণ কেন্দ্রটি একটি আধুনিক মানের প্রশিক্ষণ কেন্দ্রে রূপান্তরিত হবে। প্রশিক্ষকদের উৎপাদিত পণ্য বাজারজাত (মার্কেটিং) কৌশল ও সংশ্লিষ্ট ট্রেডে আরো উন্নততর প্রশিক্ষণে প্রেরণ করে তাদের সক্ষমতা বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ।

**কার্যালয়ের পরিবেশ উন্নত করণ:** বিভাগীয় কমিশনার, বরিশাল এর কার্যালয়ে দুইটি স্বল্প পরিসর কক্ষে বিভাগীয় কার্যালয়টি অবস্থিত। বরিশাল শহরের মূল প্রাণকেন্দ্রে একই স্থানে বৃহৎ পরিসরে অফিস ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র স্থানান্তর করা হলে অফিসের কর্ম পরিবেশ উন্নত ও প্রশিক্ষণ কেন্দ্রের মনিটরিং সহজতর হবে। অফিস স্থানান্তর আপাততঃ সম্ভব না হলে ফাইল ও প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণের জন্য দেয়ালে পারটেক্সের র‍্যাক তৈরি করা হলে অফিসে প্রকট স্থানাভাব কিছুটা মিটবে ও স্বাস্থ্যকর পরিবেশ নিশ্চিত হবে।

### ২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রটি আধুনিকায়ন ও ব্যপক প্রচার-প্রচারণার মাধ্যমে প্রশিক্ষণার্থী বৃদ্ধিকরণ।
- উদ্ভাবিত এক্সেল পদ্ধতির মাধ্যমে কর্মসম্পাদন করে কল্যাণ ভাতা, যৌথ বীমা ও দাফন-কাফন দাবীসমূহ দ্রুত নিস্পত্তি করণ।
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়ণ নিশ্চিত করণ।
- কল্যাণ ভাতা, যৌথ বীমা বিশেষ চিকিৎসা সহায়তা প্রভৃতির ক্ষেত্রে একীভূত রেজিস্টার ব্যবহার করে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণ।

# উপক্রমণিকা (Preamble)

বরিশাল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে –

উপপরিচালক, বাংলাদেশ কমর্চারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল

এবং

মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মধ্যে ২০১৬ সালের

..........................মাসের .............তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১

## বাংলাদেশ কমর্চারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) ও কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives) এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

প্রজাতন্ত্রের কর্মচারীদেরকে সেবাপ্রদানের লক্ষ্যে বোর্ডকে একটি দক্ষ, যুগোপযোগী এবং তথ্য-প্রযুক্তিসমৃদ্ধ কল্যাণমূলকপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

কল্যাণমূলক বিভিন্ন সেবা প্রদানের মাধ্যমে প্রজাতন্ত্রের অসামরিক কাজে নিয়োজিত বোর্ডের এক্তেয়ারভুক্ত সকল কর্মচারী এবং তাঁদের পরিবারবর্গের আর্থসামাজিক নিরাপত্তা বিধানে সহায়তা প্রদান।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. বরিশাল বিভাগে কর্মরত কর্মচারীদের কল্যাণ নিশ্চিতকরণ

২. বিভাগীয় কার্যালয়, বরিশাল এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

৩. বিভাগীয় কার্যালয়, বরিশাল এর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ

### ১.২ কার্যাবলি (Functions)

১. অক্ষম ও মৃত কর্মকর্তা-কর্মচারীগণের পরিবারের জন্য মাসিক কল্যাণভাতা প্রদান;

২. কর্মকর্তা-কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে যৌথবীমার এককালীন সাহায্য প্রদান;

৩. কমরর্ত/অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারীদের নিজের পরিবারের সদস্যদের জন্য দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য প্রদান;

৪. কর্মরত/অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারীগণের নিজের ও পরিবারের সদস্যদের জন্য চিকিৎসা সাহায্য প্রদান;

৫. ১১ থেকে ২০ গ্রেডের (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মরত সরকারি কমর্চারীদের এবং অক্ষম/অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা-কর্মচারীগণের অনধিক দু' সন্তানের জন্য শিক্ষা সাহায্য/বৃত্তি প্রদান;

৬. সরকারি কর্মচারীদের দ্বারা পরিচালিত ক্লাব/কমিউনিটি সেন্টার পরিচালনা/সংস্কার/সম্প্রসারণ/মেরামতের জন্য অনুদান প্রদান

৭. অফিসে সময়মত যাতায়াতের জন্য স্টাফবাস সুবিধা প্রদান;

৮. মহিলাদেরকে কারিগরি প্রশিক্ষণ প্রদান।

## সেকশন ২

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কর্মচারীর পারিবারিক সুরক্ষা | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিস্পত্তির সময় (যৌথবীমা) | কার্যদিবস | ৩৫ | ৩৫ | ১৫ | ১৫ | ১৫ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিস্পত্তির সময় (কল্যাণ তহবিল) | কার্যদিবস | ৩৫ | ৩৫ | ১৫ | ১৫ | ১৫ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| কর্মচারী ও তাঁর পরিবারের স্বাস্থ্যবিধান | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিস্পত্তির সময় | কার্যদিবস | ৫৫ | ৫০ | ৩০ | ৩০ | ৩০ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| কর্মচারীর সন্তানদের শিক্ষার মনোন্নয়ন | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিস্পত্তির নির্ধারিত সময় | তারিখ | - | ৩০ জুন | ৩১ মে, ২০১৭ | ৩১ মে, ২০১৭ | ৩১ মে, ২০১৭ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| কর্মচারী ও তার পরিবারের সদস্যদের সৎকার | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিস্পত্তির সময় | কার্যদিবস | ১৫ | ১৫ | ৭ | ৭ | ৭ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| নারীর ক্ষমতায়ন | সুবিধাভোগী মেয়েদের সংখ্যা | সংখ্যা | ৭০ | ৭০ | ৮০ | ৯০ | ১০০ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| কর্মচারীর সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ | সুবিধাভোগী কর্মচারীদের সংখ্যা | সংখ্যা | ৩১ | ৩১ | ৩২ | ৩২ | ৩২ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| কর্মচারী ও তার পরিবারের সদস্যদের চিত্তবিনোদন | নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন | তারিখ | - | ১২ মার্চ, ২০১৬ | ২১ ডিসেম্বর/১৬ – ৩১ জানুয়ারী/১৭ | ২১ ডিসেম্বর/১৬ – ৩১ জানুয়ারী/১৭ | ২১ ডিসেম্বর/১৬ – ৩১ জানুয়ারী/১৭ | বরিশাল বিভাগীয় কার্যালয় ও বা.ক.ক.বো. এর প্রধান কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| বিভাগীয় কার্যালয়, বরিশাল এর সক্ষমতাবৃদ্ধি | প্রশিক্ষণের সময় (ইনহাউজ প্রশিক্ষণ ও সভা) | ঘণ্টা | - | - | ১৪৪ (৬*২৪) | ১৪৪ (৬*২৪) | ১৪৪ (৬*২৪) | বরিশাল বিভাগীয় কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |
| বিভাগীয় কার্যালয়, বরিশাল এর স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি | অভিযোগ নিস্পত্তির সময় | কার্যদিবস | - | - | ২০ | ২০ | ২০ | বরিশাল বিভাগীয় কার্যালয় | বিভাগীয় কার্যালয় এর প্রতিবেদন |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৪-১৫ | প্রকৃত অর্জন ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-17) অসাধারণ (Excelent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% | প্রক্ষেপণ (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বিভাগীয় কার্যালয়, বরিশাল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] সরকারি কর্মচারীদের কল্যাণ নিশ্চিতকরণ | ৭০ | [১.১] মৃত/অক্ষম কর্মচারীর পরিবারকে মাসিক কল্যাণভাতা প্রদান | [১.১.১] স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | কার্যদিবস | ১০.০০ | ৩৫ | ৩৫ | ১৫ | ২০ | ২৫ | ৩০ | ৩৫ | ১৫ | ১৫ |
| | | [১.২] চাকরিরত অবস্থায় মৃত কর্মচারীর পরিবারকে যৌথবীমার এককালীন সাহায্য প্রদান | [১.২.১] স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | কার্যদিবস | ১০.০০ | ৩৫ | ৩৫ | ১৫ | ২০ | ২৫ | ৩০ | ৩৫ | ১৫ | ১৫ |
| | | [১.৩] চাকরিরত/মৃত/ অক্ষম/ অবসরপ্রাপ্ত কর্মচারীর নিজ ও পরিবারকে চিকিৎসা সাহায্য প্রদান | [১.৩.১] স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | কার্যদিবস | ১০.০০ | ৫৫ | ৫০ | ৩০ | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ | ৩০ | ৩০ |
| | | [১.৪] ১১ থেকে ২০ গ্রেডের (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মরত সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্ত/মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান | [১.৪.১] স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | কার্যদিবস | ১০.০০ | - | ৩০ জুন, ২০১৭ | ৩১ মে, ২০১৭ | ০৭ জুন, ২০১৭ | ১৫ জুন, ২০১৭ | ২০ জুন, ২০১৭ | ২৫ জুন, ২০১৭ | ৩১ মে, ২০১৭ | ৩১ মে, ২০১৭ |
| | | [১.৫] কর্মচারীর নিজ ও পরিবারের সদস্যদের জন্য দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য প্রদান | [১.৫.১] স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | কার্যদিবস | ১০.০০ | ১৫ | ১৫ | ৭ | ১০ | ১২ | ১৫ | ২০ | ৭ | ৭ |
| | | .১] ৬[ মেয়েদেরকে কারিগরী প্রশিক্ষণ প্রদান | [১.৬.১]সুবিধা ভোগী মেয়েদের সংখ্যা | সংখ্যা | ১০.০০ | ৭০ | ৭০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৯০ | ১০০ |
| | | ]১.৭[ কর্মচারীদের যাতায়াতের জন্য পরিবহন সুবিধা প্রদান | [১.৭.১] সুবিধাভোগী কর্মচারীদের সংখ্যা | সংখ্যা | ০৫.০০ | ৩১ | ৩১ | ৩২ | ৩০ | ২৮ | ২৬ | ২৪ | ৩২ | ৩২ |
| | | [১.৮] কর্মরত সরকারি কর্মচারী ও তাঁদের সন্তানদের জন্য প্রতিবছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন | [১.৯.১] নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন | তারিখ | ০৫.০০ | - | ১২ মার্চ | ২১ ডিসে - ৩১ জানুয়ারী | ১০ ফেব্রুয়ারী | ২০ ফেব্রুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | ০৭ মার্চ | ২১ ডিসেম্বর - ৩১ জানুয়ারী | ২১ ডিসেম্বর - ৩১ জানুয়ারী |

# কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, অগ্রাধিকার, কর্মসম্পাদন সূচক, এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৪-১৫ | প্রকৃত অর্জন ২০১৫-১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ (Excelent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| বিভাগীয় কার্যালয়, বরিশাল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [[২] বিভাগীয় কার্যালয়, বরিশাল এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ০৫ | [২.১] ত্রৈমাসিক সমন্বয় সভা ও ইন-হাউজ প্রশিক্ষণ | [১.১.১] প্রশিক্ষণের সময়। | ঘন্টা | ৫.০০ | ০ | ২ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| [৩] স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ০৫ | [৩.১] অভিযোগ নিস্পত্তি | [৩.১.১] নিস্পত্তির সময় | কার্যদিবস | ৫.০০ | ০ | ০ | ২০ | ২৫ | ৩০ | ৩৫ | ৪০ | ২০ | ২০ |
| মোট | ৮০ | | | | ৮০ | | | | | | | | | |

## বিভাগীয় কার্যালয়, বরিশাল এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৬-১৭ (Target Value -2016-17) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ )Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair( | চলতিমানের নিম্নে )Poor( |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৮ | ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি প্রধান কার্যালয়ে দাখিলকৃত | তারিখ | ২ | ১৯ মে | ২২ মে | ২৪ মে | ২৫ মে | ২৬ মে |
| | | ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ২ | ১৪ জুলাই | ১৭ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ২ | ২২ জানুয়ারি | ২৩ জানুয়ারি | ২৪ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ২৬ জানুয়ারি |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রেরণ | বার্ষিক প্রতিবেদন মূল কার্যালয়ে প্রেরণ | তারিখ | ২ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৪ | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ২ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ২ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ২ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| মোট | ২০ | | | | ২০ | | | | | |

আমি উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রতিনিধি হিসেবে উপপরিচালক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

**স্বাক্ষরিত:**

| | |
|---|---|
| উপপরিচালক<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড<br>বিভাগীয় কার্যালয়, বরিশাল | ২৪/০৪/২০১৬<br>তারিখ |
| মহাপরিচালক<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড<br>ঢাকা | ২৪/০৪/২০১৬<br>তারিখ |

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| বা.ক.ক.বো. | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড |
| BKKB | Bangladesh Karmachary Kalwan Board (Bangladesh Employees Welfare Board) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ-

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীগণের পরিবারের জন্য মাসিক কল্যাণভাতা প্রদান | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | সরকারি ও বা.ক.ক.বো এর এক্তেয়ারভুক্ত ১৯টি স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত ও মৃত কর্মচারীগণের পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | বিভাগীয় কার্যালয়, বরিশাল | একটি স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যদিবস। নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০২ | কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবারকে যৌথবীমার এককালীন সহায়তা প্রদান | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | সরকারি ও বা.ক.ক.বো এর এক্তেয়ারভুক্ত ১৯টি স্বায়ত্তশাসিত সংস্থার অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মচারী ও কর্মরত অবস্থায় মৃত কর্মচারীর পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | বিভাগীয় কার্যালয়, বরিশাল | একটি স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যদিবস। নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৩ | কর্মচারী ও তাঁর পরিবারের সদস্যদের জন্য সাধারণ চিকিৎসা অনুদান প্রদান | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | সরকারি ও বা.ক.ক.বো এর এক্তেয়ারভুক্ত ১৯টি স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারীর নিজ ও পরিবারকে সাধারণ চিকিৎসা অনুদান প্রদানের জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময়সীমা | বিভাগীয় কার্যালয়, বরিশাল | একটি স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যদিবস। নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৪ | ১১ থেকে ২০ গ্রেডের (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মরত সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্ত/মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সংখ্যা | ১১ থেকে ২০ গ্রেডের (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মরত সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্ত/মৃত কর্মচারীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময়সীমা | বরিশাল বিভাগীয় কার্যালয়ের বাছাই কমিটি এবং উপকমিটি | নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৫ | কর্মচারীর ও তাঁর পরিবারের সদস্যদের জন্য দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান প্রদান | স্বয়ং সম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময় | কর্মচারীর ও তাঁর পরিবারের সদস্যদের দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদানের স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির সময়সীমা | বিভাগীয় কার্যালয়, বরিশাল | একটি স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যদিবস। নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৬ | অফিসে যাতায়াতের জন্য কর্মচারীদের স্টাফবাস সুবিধা প্রদান | সুবিধাভোগী কর্মচারীর সংখ্যা | সরকারি কর্মচারীদের সময়মত অফিসে যাতায়াতের জন্য বরিশাল বিভাগীয় শহরে কর্মরত সরকারি কর্মচারীদের সংখ্যা | বিভাগীয় কার্যালয়, বরিশাল | একটি স্বয়ংসম্পূর্ণ আবেদন নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কার্যদিবস। নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৭ | মহিলাগণের কারিগরি প্রশিক্ষণ প্রদান | সুবিধাভোগী মহিলাগণের সংখ্যা | কর্মচারীর পরিবারের মহিলা সদস্যদের ও অন্যান্য মহিলাগণের জন্য কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারিণী মহিলাগণের সংখ্যা | বিভাগীয় কার্যালয়, বরিশাল | নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৮ | কর্মরত সরকারি কর্মচারী ও তাদের সন্তানদের জন্য প্রতিবছর ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন | বরিশাল বিভাগীয় শহরে প্রতিবছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনরে সময়সীমা | বিভাগীয় কার্যালয়, বরিশাল | নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |
| ০৯ | অভিযোগ নিষ্পত্তি | নিষ্পত্তির সময় | অভিযোগ নিষ্পত্তির সময়সীমা | বিভাগীয় কার্যালয়, বরিশাল | নিজস্ব কার্যালয়ের প্রতিবেদন | |